দৈনিক ইনকিলাব

তারিখ 11 DEC 1993
পৃষ্ঠা ৪ কলাম ২

117

# আজ ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১০ ডিসেম্বর (সংবাদদাতা)।- ১১ ডিসেম্বর ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের রিটার্নিং অফিসার হলেন আইন ও মুসলিম বিধান বিভাগের চেয়ারম্যান জনাব মাহবুবুল হক জোয়ার্দার।

এ নির্বাচনে শাপলা ও সবুজ নামে দু'টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। জাতীয়তাবাদী ও ইসলামী আদর্শের অনুসারী সবুজ প্যানেলে সভাপতি পদে মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদের ডীন ডঃ আশরাফ আলী, সহ-সভাপতি পদে-তাহির আহমদ, সাধারণ সম্পাদক পদে এ, বি, এম, মোখলেছুর রহমান, যুগ্ম সম্পাদক পদে আমীনুর রহমান এবং কোষাধ্যক্ষ পদে শহীদ আহমদ চৌধুরী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

অপরদিকে, মুক্তিযুদ্ধের চেতনার অনুসারী শাপলা প্যানেলের সভাপতি পদে ডঃ আ, ন, ম রেজাউল করিম, সহ-সভাপতি পদে মুহম্মদ শাহজাহান আলী, সাধারণ সম্পাদক পদে এ কে, এম মনিরুজ্জামান, যুগ্ম সম্পাদক পদে মোঃ সেলিম তোহা এবং কোষাধ্যক্ষ পদে মনিরুজ্জামান নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। মোট ১৫টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে মোট ভোটারের সংখ্যা ৮৩ জন।